টেবুনিয়ায় নৌকা প্রতীকের জনসভা অনুষ্ঠিত

উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব
মোশাররফ হোসেন

নিজস্ব সংবাদদাতা: পাবনা সদর উপজেলার মালিগাছা ইউনিয়নের নৌকা প্রতিকের প্রার্থী উম্মত আলীর বিশাল নির্বাচনী সভা বৃহস্পতিবার (২ জুন) টেবুনিয়া বাজারে অনুষ্ঠিত হয়েছে।

মালিগাছা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আলহাজ আঃ কাদের মিয়ার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পাবনা জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ সভাপতি রেজাউল রহিম লাল, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পাবনা সদর উপজেলার চেয়ারম্যান আলহাজ্ব মোশাররফ হোসেন, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক সোহেল হাসান শাহিন, জেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক কামিল হোসেন, দপ্তর সম্পাদক মাসুদ, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি খন্দকার আহমেদ শরিফ ডাবলু সিবিএ নেতা ফোরকান শেখ, যুবলীগ নেতা আব্দুল্লাহ আল মামুন, আমিরুল ইসলাম শান্তসহ অত্র ইউনিয়নের নেতৃবন্দ ও সামাজিক ব্যাক্তি বর্গ।

সভায় নেতৃবৃন্দরা দেশের উন্নয়নের স্বার্থে নৌকা প্রতিকের প্রার্থী উম্মত আলীকে ভোট দিয়ে বিজয়ী করে শেখ হাসিনার উন্নয়নের ধারাকে অব্যহত রাখার আহবান জানান।